নির্বাচন কমিশনে অনুমোদন পেল ৮১ স্থানীয় পর্যবেক্ষক সংস্থা



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সামনে রেখে দুই ধাপে মোট ৮১টি স্থানীয় পর্যবেক্ষক সংস্থাকে নিবন্ধন দিয়েছে নির্বাচন কমিশন। যাচাই-বাছাইয়ের পর এসব সংস্থা আগামী পাঁচ বছর নির্বাচন পর্যবেক্ষণের সুযোগ পাবে।

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটকে সামনে রেখে স্থানীয় পর্যায়ে নির্বাচনী তৎপরতা পর্যবেক্ষণের জন্য নতুন করে ৮১টি সংস্থাকে নিবন্ধন দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। সোমবার (৮ ডিসেম্বর) ইসির জনসংযোগ শাখা থেকে পাঠানো বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

ইসির তথ্য অনুযায়ী, নিবন্ধন প্রক্রিয়া দুই ধাপে সম্পন্ন হয়েছে। প্রথম ধাপে চলতি বছরের ৬ নভেম্বর ৬৬টি সংস্থাকে ২০২৩ সালের ৬ নভেম্বর থেকে ২০৩০ সালের ৫ নভেম্বর পর্যন্ত নিবন্ধন দেওয়া হয়। পরে যাচাই-বাছাই শেষে দ্বিতীয় ধাপে আরও ১৫টি সংস্থাকে চূড়ান্ত অনুমোদন দেয় ইসি। এরা ২০২৪ সালের ৪ ডিসেম্বর থেকে ২০৩০ সালের ৩ ডিসেম্বর পর্যন্ত পাঁচ বছরের জন্য নিবন্ধন পেয়েছে।

নির্বাচন পর্যবেক্ষণ নীতিমালা ২০২৫ অনুযায়ী, নিবন্ধিত এসব সংস্থা ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনসহ স্থানীয় সরকার নির্বাচন পর্যবেক্ষণের দায়িত্ব পালন করতে পারবে।